গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
মৌলভীবাজার
www.publiclibrary.moulvibazar.gov.bd

স্মারক নং৪৩.২৬.৫৮০০.০০১.৫১.২২.২০২২-২০২৩. ১০৫ তারিখ : ১০.১১.২০২৩ খ্রি.।

নোটিশ / বিজ্ঞপ্তি

বিষয় : তথ্য অধিকার কর্মপরিকল্পনার ২.৪.১ অনুযায়ী প্রচার কার্যক্রমে অংশগ্রহণ।

জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজারের সকল কর্মকর্তা / কর্মচারীকে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য তথ্য অধিকার কর্মপরিকল্পনার ২.৪.১ অনুযায়ী প্রচারণা চালানোর নির্দেশনা রয়েছে। নির্দেশনা বাস্তবায়নের লক্ষে ১২.১২.২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯:০০টা থেকে দিনব্যাপি প্রচারণা চালানো হবে।

জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজারের সকল কর্মকর্তা / কর্মচারীকে এ প্রচারণায় অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১০/১১/২০২৩
মোহাম্মদ অহিদুজ্জামান
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
মৌলভীবাজার

স্মারক নং৪৩.২৬.৫৮০০.০০১.৫১.২২.২০২২-২০২৩. ১০৫ তারিখ : ১০.১১.২০২৩ খ্রি.।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট।
২. জুয়েল আহমদ, অফিস সহায়ক কাম নিরাপত্তা প্রহরী, জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার।
৩. অফিস নথি।

১০/১১/২০২৩
মোহাম্মদ অহিদুজ্জামান
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
মৌলভীবাজার

# তথ্য আমার অধিকার
# জানা আছে কি সবার

## আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন অনুসারে খুব সহজে যে কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের তথ্য চেয়ে আবেদন করতে পারেন।

## তথ্য পাবার নিয়ম:

- তথ্য অধিকার আইনে যে কোন নাগরিক আইনে বর্ণিত সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারে। আবেদনকারীর নিকট ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।
- আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় তাহলে ৩০ দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর আপীল আবেদন করতে পারে।
- আপীল দায়েরের ১৫ দিনের মধ্যে আবেদনকারীর কাছে তথ্য প্রেরণ অথবা নিষ্পত্তি করতে হবে।
- আপীল করে তথ্য না পেলে অথবা আপীল আদেশে সংক্ষুব্ধ হলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।
- যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহণ না করে, সেক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।

তথ্য অধিকার আইন ব্যবহার করে সমাজ-রাষ্ট্রে দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

প্রচারে: জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার

